

জরুরি নোটিশ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০১৮৪৯৪০৭২২৭ মোবাইল নম্বর ব্যবহার করে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর নাম ও পরিচয় ভাঙিয়ে কিছু অসাধু ব্যক্তি পছন্দনীয় পদায়ন/পোস্টিং নিশ্চিত করার মিথ্যা আশ্বাস প্রদানপূর্বক বিভিন্ন ব্যক্তির নিকট অর্থ দাবি করছে।


এ ধরনের কার্যক্রম সম্পূর্ণ প্রতারণামূলক, অনৈতিক এবং আইনত দণ্ডনীয় অপরাধ। এ বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তার কোনো প্রকার সম্পৃক্ততা নেই এবং তাঁর পক্ষ থেকে এ ধরনের কোনো অনুরোধ, সুপারিশ কিংবা আর্থিক লেনদেনের অনুমোদন প্রদান করা হয়নি।

অতএব, সকলকে এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্ররোচনায় বিভ্রান্ত হয়ে কাউকে কোনো প্রকার অর্থ প্রদান থেকে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

প্রয়োজনে বিষয়টি সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্যও অনুরোধ করা যাচ্ছে।

সকলের সচেতনতা ও সহযোগিতা একান্ত কাম্য।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নোটিশ জারি করা হলো।


০৮/০৭/২০২৬

সোহেল মিয়া

তথ্য প্রদানকারী কর্মকর্তা

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ